# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১২৪

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ দ্বাদশ শ্রেণির ছাত্র নাহিয়ান তার ব্যক্তিত্ব পরিমাপের জন্য মনোবিজ্ঞানীর কাছে গেলে মনোবিজ্ঞানী তাকে কিছু অস্পষ্ট ও দ্ব্যর্থবোধক ছবি দিয়ে গল্প রচনা করতে বলে তার ব্যক্তিত্ব পরিমাপ করলেন।
ইরফান দশম শ্রেণিতে পড়ে। সে ক্লাস মনিটর। সকলের সাথে মিলে মিশে থাকে। ইরফানের ভাই ইমরান বেশ চিন্তাশীল এবং সামাজিকতা বোধের অভাব।

ক. বাহ্যিক লক্ষণ কী? ১

খ. সাক্ষাৎকারমূলক অভীজ্ঞা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে নাহিয়ানের ব্যক্তিত্ব পরিমাপের পদ্ধতি আলোচনা কর। ৩

ঘ. ইরফান ও ইমরানের ব্যক্তিত্বের ভিন্নতার মনোবৈজ্ঞানিক কারণ আলোচনা কর। ৪

**২.** ▶ রেদোয়ান সাহেব ও আনোয়ার সাহেব প্রতিবেশী। রেদোয়ান সাহেব চৌধুরী বংশের সন্তান এবং বিত্তশালী। আনোয়ার সাহেব সাধারণ ঘরের সন্তান। রেদোয়ান সাহেব তার ছেলেমেয়েদের আনোয়ার সাহেবের ছেলেমেয়েদের সাথে মিশতে দেন না। এক পর্যায়ে রেদোয়ান সাহেবের ছেলেমেয়েদের মধ্যে একই রকম আচরণ দেখা যায়।

ক. মনোভাবের সংজ্ঞা দাও। ১

খ. মনোভাবের ক্রিয়ামূলক উপাদান বলতে কী বোঝায়? ২

গ. রেদোয়ান সাহেব ও তার ছেলেমেয়েদের মধ্যে যে বিষয়টি বিদ্যমান তা আলোচনা কর। ৩

ঘ. রেদোয়ান সাহেব ও তার ছেলেমেয়েদের মধ্যে যে আচরণ বিদ্যমান তা হ্রাস করার কোন উপায় আছে কিনা আলোচনা কর। ৪

৩.▶ সুমন একটি শিক্ষিত সচেতন পরিবারের সন্তান। বাবা-মা এর আদরে গড়ে উঠা সন্তান স্বনাধমন্য শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার সুযোগ পেয়ে বড় হয়ে সুপ্রতিষ্ঠিত হয়েছে। তার আচার ব্যবহারেও সবাই মুগ্ধ।

ক. সামাজীকরণ কী? ১

খ. একাত্মীভাবন বলতে কী বোঝায়? ২

গ. সুমনের জীবনে সামাজীকরণের কোন কোন মাধ্যমের ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মাধ্যম ছাড়া আর কী কী মাধ্যম থাকতে পারে বলে তুমি মনে করো আলোচনা কর। ৪

৪.▶ খালেক সাহেব একজন উচ্চপদস্থ ব্যাংক কর্মকর্তা। অফিসে তিনি সারাদিন কর্মব্যস্ত থাকেন। রাতে বাসায় ফিরে তার অন্য কোন কাজে ধৈর্য থাকে না। শুয়ে পড়তে ইচ্ছা করে।

ক. হতাশা কী? ১

খ. আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব বলতে কী বোঝায়? ২

গ. খালেক সাহেবের মধ্যে যে ধরনের মানসিক চাপ বিদ্যমান তার লক্ষণসমূহ আলোচনা কর। ৩

ঘ. খালেক সাহেবের মানসিক চাপ নিরসনে কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর। ৪

৫.▶ আফজাল একজন দোকানদার। কিন্তু তাকে সবাই ফিটফাট বাবুসাব বলে ডাকে। সে শুধু নিজেই ফিটফাট থাকে না। তার বাসা, দোকানও খুব সুন্দর সাজিয়ে গুছিয়ে রাখে। এছাড়া তার আচার-ব্যবহার খুব ভাল, মিশুক, বিশ্বাসী। আবার মাঝে মধ্যে টাকা পয়সা ধার দিয়ে অন্যকে সাহায্যও করে থাকে।

কিন্তু তার চাচাত ভাই বাহাদুরও দোকানদার। তাকেও সবাই ভাল জানে। সে অবসর সময়ে দোকানে বসে কোরআন হাদীসের বই পড়ে এবং অন্যদেরও তা শোনান। আবার মাঝে মধ্যে রাজনৈতিক আলাপ-আলোচনাও করে।

ক. মূল্যবোধ কী? ১

খ. ব্যক্তিতে ব্যক্তিতে মূল্যবোধের পার্থক্য হয় কেন? ২

গ. আফজালের মূল্যবোধ ব্যাখ্যা কর। ৩

ঘ. আফজাল ও বাহাদুরের মূল্যবোধ এক না— ভিন্ন আলোচনা কর। ৪

৬. ▶ আবু তাহের একজন গবেষক। তিনি তার পরীক্ষণ পাত্রদের এমন দুটো দলে ভাগ করলেন যাতে দুটো দল সব সবদিক থেকে সমান হয়। তারপর তাদের একটি শব্দ নিয়ন্ত্রিত কক্ষে বসিয়ে পরীক্ষণ পরিচালনা করেন।

ক. প্রকল্প কী? ১

খ. চল নিয়ন্ত্রণে প্রয়োজন হয় কেন? ২

গ. আবু তাহের চল নিয়ন্ত্রণের জন্য কী কী কৌশল অবলম্বন করেছেন ব্যাখ্যা কর। ৩

ঘ. আবু তাহেরের ব্যবহৃত কৌশল ছাড়াও চল নিয়ন্ত্রণের আরও দুটো কৌশল আলোচনা কর। ৪

৭. ▶ ৫ম শ্রেণির ছাত্রীদের বুদ্ধি পরিমাপ করতে যেয়ে দেখা গেল মায়া নামের ছাত্রীটির বয়স ১৫ বছর। সে পড়াশোনায় পিছিয়ে আছে। সহজে কারও সাথে মিশতে পারে না। এ অবস্থায় মনোবিজ্ঞানী মায়াকে অনেকের সাথে না বসিয়ে আলাদাভাবে একা বসিয়ে বুদ্ধি পরিমাপের ব্যবস্থা করলেন। দেখা গেল মায়ার IQ ৬০। কিন্তু ক্লাসের অন্যান্যদের একসঙ্গে বসিয়ে বুদ্ধি পরিমাপ করে দিলেন। সবার IQ এর (৯০-১২০) এর মধ্যে।

ক. বুদ্ধ্যাংকের সূত্রটি লিখ। ১

খ. ১৯০৮ সালের সংস্করণে বিনে-সিমোঁ বুদ্ধি অভীক্ষায় বিশেষ শিক্ষাদানের প্রয়োজন হয়নি কেন? ২

গ. বুদ্ধ্যঙ্ক অনুযায়ী মায়ার জন্য কী কী করণীয় আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে মনোবিজ্ঞানীর ব্যবহৃত দু'ধরনের বুদ্ধি অভীক্ষার মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৮. ▶ 'X' কলেজের মনোবিজ্ঞান বিষয়ের ৮ জন ছাত্রীর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৫৭, ৬০, ৭২, ৬৫, ৫৪, ৫৯, ৬২, ৬৯।

'Y' কলেজের দ্বাদশ প্রথম সেমিস্টার পরীক্ষায় অর্থনীতিতে প্রাপ্ত নম্বরের বিন্যাসভঙ্গি নিম্নরূপ ঃ

| শ্রেণি বিন্যাস | পৌনঃপুন্য |
|---|---|
| ৮৫-৮৯ | ৩ |
| ৮০-৮৪ | ৬ |
| ৭৫-৭৯ | ৭ |
| ৭০-৭৪ | ৮ |
| ৬৫-৬৯ | ৭ |
| ৬০-৬৪ | ৩ |
| ৫৫-৫৯ | ২ |
| ৫০-৫৪ | ৪ |
| | N = ৪০ |

ক. বিন্যস্ত উপাত্ত থেকে গড় ব্যবধান নির্ণয়ের সূত্রটি লিখ। ১

খ. অনুমান নির্ভর পরিসংখ্যান বলতে কি বুঝায়? ২

গ. 'X' কলেজের মনোবিজ্ঞান বিষয়ের ছাত্রীদের নম্বরের ভিত্তিতে চতুর্থাংশীয় বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. 'Y' কলেজের অর্থনীতিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভেদাংক নির্ণয় কর। ৪

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]*

**১. হতাশার উৎসকে ভাগ করা যায়-**

i. পরিবেশগত
ii. ব্যক্তিগত
iii. দ্বন্দ্ব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২. বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশল কত প্রকার?**

ⓚ ২ ⓚh ৩
ⓖ ৫ ⓖh ৬

**৩. জরিপ পদ্ধতিতে যে প্রশ্নপত্র ব্যবহার করা হয় তা হচ্ছে-**

i. মুক্ত প্রান্ত
ii. সৃজনশীল
iii. কাঠামোবদ্ধ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব আজহার উদ্দীন ছাত্রদের তাৎক্ষণিক স্মৃতির প্রসর নির্ণয় করছেন। এমন সময় রাস্তা থেকে অনবরত গাড়ির হর্ণের শব্দ আসতে লাগল। এ জন্য তিনি একটি যথাযথ ব্যবস্থা গ্রহণ করলেন।

**৪. পরীক্ষণের কোন চলটির প্রভাব লক্ষণীয়?**

ⓚ অনির্ভরশীল
ⓚh নির্ভরশীল
ⓖ বাহ্যিক
ⓖh মধ্যবর্তী

**৫. জনাব আজহার উদ্দীন যে ব্যবস্থা গ্রহণ করলেন সেটা হচ্ছে-**

i. নির্ভরশীল চলকে প্রভাবমুক্ত করার জন্য
ii. অনির্ভরশীল চলকে প্রভাবমুক্ত করার জন্য
iii. বাহ্যিক চলকে বর্জন বা অপসারণ করার জন্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৬. বিচ্যুতির পরিমাপ কয়টি?**

ⓚ ৩টি ⓚh ৪টি
ⓖ ৫টি ⓖh ৬টি

**৭. পরিসংখ্যানে আলোচনা করা হয়-**

i. সংখ্যাতাত্ত্বিক ফলাফল বিশ্লেষণ
ii. সূত্রগত প্রয়োগ ও ব্যাখ্যা
iii. সুপরিকল্পিত উপাত্ত সংগ্রহ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৮. পরিসরের সূত্র কোনটি?**

ⓚ $R = (L - H)$ ⓚh $R = (H - L)$
ⓖ $R = (H - L) + ১$ ⓖh $H = (R - L) + ১$

**৯. মনোভাবের বৈশিষ্ট্যাবলি নির্ধারণ করেন কে?**

ⓚ নিউকোম্ব ⓚh রোজেনবার্গ
ⓖ শেরিফ ⓖh এবেসেন

**১০. লিকার্ট মানকের কয়টি মাত্রা রয়েছে?**

ⓚ ৩টি ⓚh ৪টি
ⓖ ৫টি ⓖh ৬টি

**১১. মতামত প্রকাশের উপায়-**

i. আচরণ
ii. অভিমত
iii. অনুভূতি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**

দুই বন্ধু অভিক ও অনিক ক্রিকেট খেলা সম্পর্কে পরস্পর বিপরীত মন্তব্য করল। অভিক বলল যে, ক্রিকেট ভদ্রলোকের খেলা। এর বিপরীতে অনিক বলল যে, ক্রিকেট খেলার সময় ও অর্থ উভয়ের অপচয় হয়।

**১২. উদ্দীপকে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?**

ⓚ মন্তব্য ⓚh বিশ্বাস
ⓖ মনোভাব ⓖh মতামত

১৩. উক্ত বিষয়টি-
i. আচরণ করার প্রবণতা
ii. বিতর্কমূলক বিষয় সম্পর্ক বিশ্বাস
iii. অনেকাংশে আবেগমুক্ত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৪. রাজনৈতিক মূল্যবোধ নিয়ন্ত্রিত হয়-
i. ক্ষমতাকে কেন্দ্র করে
ii. নেতৃত্ব দানকে কেন্দ্র করে
iii. স্বার্থের প্রতি গুরুত্ব না দিয়ে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
সাথী ও যুথি দুই বোন। সাথী দ্বাদশ শ্রেণিতে বিজ্ঞান শাখায় পড়ে। তার বিচার-বুদ্ধি ভাল এবং সত্য আবিষ্কারের চেষ্টা করে। অন্যদিকে যুথি আর্ট কলেজে পড়ে। প্রকৃতিকে সে ছবির মাধ্যমে সুন্দর করে ফুটিয়ে তোলে।

১৫. সাথীর মূল্যবোধ হলো-
(ক) অর্থনৈতিক (খ) তাত্ত্বিক
(গ) সামাজিক (ঘ) রাজনৈতিক

১৬. যুথির বৈশিষ্ট্য হচ্ছে-
i. সৌন্দর্য পিপাসু
ii. আকর্ষণীয়তা খোঁজা
iii. জনগণের সেবা করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. বুদ্ধ্যঙ্ক এর সূত্রটি হলো-
(ক) $\frac{\text{মানসিক বয়স}}{\text{প্রকৃত বয়স}} \times ১০০$
(খ) $\frac{\text{প্রকৃত বয়স}}{\text{মানসিক বয়স}}$
(গ) $\frac{১০০}{\text{মানসিক বয়স}} \times \text{প্রকৃত বয়স}$
(ঘ) $\frac{\text{প্রকৃত বয়স}}{\text{মানসিক বয়স}} \times ১০০$

১৮. বুদ্ধির বিকাশকে প্রভাবিত করে-
i. বংশগতির সূত্র
ii. পরিবেশের প্রভাব
iii. বুদ্ধি অভীক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. মনোবিজ্ঞানী আলফ্রেড বিনে কোন দেশের নাগরিক ছিলেন?
(ক) ফ্রান্স (খ) কানাডা
(গ) মিশর (ঘ) ইংল্যান্ড

২০. কালির ছাপ অভীক্ষাটি কে প্রণয়ন করেন?
(ক) এইচ এ মারে (খ) ক্রিস্টিয়ানা মরগান
(গ) জন সি রাচ (ঘ) হারম্যান রোশাক

২১. সিজোয়েড শ্রেণির লোকদের দৈহিক গঠন হয়-
i. লম্বা
ii. হালকা পাতলা
iii. মেদহীন ক্ষীণকায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. ক্যাটেলের মতে, কয়টি বাহ্যিক সংলক্ষণের মাধ্যমে ব্যক্তিত্বের বহিঃপ্রকাশ ঘটে?
(ক) ১২টি (খ) ১৬টি
(গ) ১৮টি (ঘ) ২২টি

২৩. ব্যক্তিত্বের ওপর কোনটির প্রভাব অনস্বীকার্য?
(ক) প্রথা (খ) কৃষ্টি
(গ) শিক্ষা (ঘ) আইন

২৪. আগ্রাসন হচ্ছে-
i. জন্মগত প্রবৃত্তি
ii. জীবন প্রবৃত্তি
iii. সহজাত প্রবৃত্তি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. কর্মভাবের সাথে কোনটির সম্পর্ক রয়েছে?
(ক) ক্লান্তির (খ) দক্ষতার
(গ) কর্মক্ষমতার (ঘ) হতাশার

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | | | | | | | | | | |